# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

চৌত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা), আগস্ট, ২০২৩




**Ramakrishna Mission Vidyamandira**
**Alumni Association**

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

# সম্পাদকীয়

চৌঠা জুলাই বিদ্যামন্দিরের পুণ্য প্রতিষ্ঠা দিবস। স্বামীজীর শিবজ্ঞানে জীবসেবা-র আদর্শকে পাথেয় করে স্বপ্নের যাত্রাপথের শুরু হয়েছিল সেই ১৯৪১ সালে, স্বামীজীর মহাসমাধির দিনটিকে স্মরণে রেখে। নানা পরিস্থিতি পার হয়ে ভারতবর্ষের শিক্ষা মানচিত্রে একটা গুরুত্বপূর্ণ স্থান অধিকার করতে সক্ষম হয়েছে এই অনন্য শিক্ষাপ্রতিষ্ঠান। এই দীর্ঘ সময়ে পরিস্থিতি যে সব সময় অনুকূল ছিল তা নয়। এতগুলো বছরে বিবিধ রাজনৈতিক ও আর্থসামাজিক ওঠানামা সত্ত্বেও মাথা উঁচু করে আজও সগৌরবে এগিয়ে চলেছে বিদ্যামন্দির। NIRF (National Institutional Ranking Framework)-এ পঞ্চম কি সপ্তম কি পঞ্চদশ স্থান অধিকার করা সংখ্যার বিচারে অনেকের কাছে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার হলেও এই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত বহু মানুষের মনে বড় একটা রেখাপাত করে না। কারণ তাঁরা সকলেই জানেন বিদ্যামন্দির তার বিশিষ্টতা ও স্বাতন্ত্র্যে উদ্ভাসিত। পুণ্যত্রয়ীর কাছে প্রার্থনা, সমাজে আরও বিস্তৃত হোক এর শাখা-প্রশাখা, যাতে শিক্ষার সঙ্গে সঙ্গে মানবতার শিকড় আরও সঞ্চারিত হয় গভীর থেকে গভীরতর লক্ষ্যে।

আগামী বছরের ১৮ ফেব্রুয়ারি, রবিবার বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসব। আগাম জানিয়ে দেওয়া হল। সকলের আগমনে, উচ্ছ্বাসে আর আনন্দধ্বনিতে আবার মুখরিত হয়ে উঠুক বিদ্যামন্দির প্রাঙ্গন।

**শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক**

## প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী


আহ্বায়ক ও প্রধান সম্পাদক—সুশান্ত দে

সদস্যবৃন্দ—স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ—প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।


নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— **Link: https://www.facebook.com/VidyamandiraAlumni**

**Email: alumnividyamandira@gmail.com WhatsApp No. 7003615034**

**Website: www.alumnividyamandira.in**

## পুনর্মিলনের বিজ্ঞপ্তি

আগামী ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ (রবিবার) বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে। প্রাক্তনীদের রইল সপরিবার নিমন্ত্রণ। অনুষ্ঠানসূচী ও অন্যান্য তথ্য বিস্তারিতভাবে পরে জানানো হবে। আমাদের ওয়েবসাইট বা ফেসবুক পেজে চোখ রাখুন।

## রানি রাসমণি স্মারক বক্তৃতা : ২০২৩

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানি রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নসূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১৫ আগস্ট, ২০২৩ মঙ্গলবার

সময় : সকাল ১১ টা ৩০ মিনিট

স্থান : বিবেকানন্দ সভাগৃহ

বিষয় : ভগিনী নিবেদিতা ও স্বদেশী যুগের বাংলা : জাতীয়তাবাদের অন্য ইতিহাস

বক্তা : অধ্যাপক সুপ্রতিম দাশ, ইতিহাস বিভাগ, স্কটিশ চার্চ কলেজ, কলকাতা।

এই সভায় সকলের সাদর আমন্ত্রণ।

**বিদ্যামন্দির, ২২ জুলাই, ২০২৩** **কর্মসচিব**

## ২০২২-২০২৩ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা (২০২২-২০২৩) নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ১৫ আগস্ট, ২০২৩ মঙ্গলবার ; সময় : বিকেল ২ টা ৩০ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।

**বিষয়সূচী :**

১। বিগত ১৫.০৮.২০২২ -এ অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

৩। ২০২২-২০২৩ বর্ষের অডিট রিপোর্ট পেশ ও অনুমোদন

৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা

৫। ২০২৩-২০২৪ বর্ষের অডিটর নিয়োগ

৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)

এই সভায় যোগদানের জন্য সদস্যদের আমন্ত্রণ জানাই।

**বিদ্যামন্দির, ২২ জুলাই, ২০২৩** **কর্মসচিব**

বিঃ দ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনে (৭০০৩৬০৭৭৮৪) বা হোয়াটসঅ্যাপে অথবা সহ-সভাপতিকে টেলিফোনে/ হোয়াটসঅ্যাপে (৯৮৩১৪৬৪৬৬০) জানিয়ে দেবেন।

*"Education is the manifestation of the perfection already in man"*
—Swami Vivekananda

# প্রয়াণ বার্তা



রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ-সঙ্ঘাধ্যক্ষ (ভাইস প্রেসিডেন্ট) পরম পূজনীয় স্বামী প্রভানন্দজী (বরুণ) মহারাজ ১.৪.২০২৩ তারিখে সন্ধ্যা ৬.৫০ মিনিটে কলকাতায় রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তাঁর বয়স হয়েছিল ৯১ বছর। নরেন্দ্রপুর, সারদাপীঠ, সেবা প্রতিষ্ঠান ছাড়াও মিশনের আরও কয়েকটি কেন্দ্রে তিনি নানা সেবামূলক কাজের সঙ্গে যুক্ত ছিলেন। নরেন্দ্রপুরে তিনি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরূপে কিছুকাল সেবা করেন। বিদ্যামন্দিরের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ স্বামী তেজসানন্দজী মহারাজ অসুস্থতার কারণে ১৯৬৮-র ৯ এপ্রিল আনুষ্ঠানিকভাবে অবসর নেওয়ার পর অধ্যক্ষ হয়ে এলেন প্রভানন্দজী। মাত্র দুটি বছর তিনি বিদ্যামন্দির পরিচালনার দায়িত্বে থাকলেও গুরুত্বের বিচারে সময়টি ছিল খুবই উল্লেখযোগ্য। শিক্ষক আন্দোলন, ছাত্র আন্দোলন, নকশালি তান্ডব ইত্যাদির অভিঘাত সইতে হয়েছিল তাঁকে। ছাত্রেরা তাঁকে ঘেরাও করলেও তিনি কোনোরকম পুলিশি সহায়তা নেন নি। তাঁর চারিত্রিক দৃঢ়তা এবং দ্রুত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ছিল ঈর্ষণীয়। কলেজ পরিচালনায় তিনি অনেকটা গণতান্ত্রিক বাতাবরণ এনেছিলেন। কলেজে টিচার্স কাউন্সিল তৈরি হয় তাঁরই সময়ে। বিভিন্ন সাব-কমিটির মাধ্যমে অধ্যাপকদের কলেজ পরিচালনার সঙ্গে যুক্ত করার যে ঐতিহ্য এখনো বহমান, পূজ্যপাদ মহারাজই সক্রিয় উদ্যোগ নিয়ে তার সূচনা করেন। শৃঙ্খলার সঙ্গে আপস করতেন না কখনও। প্রয়োজনে কঠোর সিদ্ধান্ত নিতেন।



*সংসদ আয়োজিত মহারাজের স্মরণসভায় প্রাক্তনীরা*

১৯৮৩-র এপ্রিল মাসে প্রভানন্দজী রামকৃষ্ণ মঠের অছি পরিষদ ও রামকৃষ্ণ মিশন পরিচালন সমিতির সদস্য নিযুক্ত হন। ১৯৮৪ থেকে দীর্ঘ ১১ বছর মঠ-মিশনের সহকারী সম্পাদক ছিলেন। ২০০৭ থেকে ৫ বছর মহারাজ রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন। ২০১২ সালের জুন মাসে প্রভানন্দজী রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সহ-সঙ্ঘাধ্যক্ষ নির্বাচিত হন এবং জীবনের শেষ দিন পর্যন্ত ঐ পদে অধিষ্ঠিত ছিলেন। পূজনীয় মহারাজ ইংরাজী ও বাংলা ভাষায় বহু গ্রন্থ রচনা করেছেন। বেলুড় মঠে অবস্থিত রামকৃষ্ণ সংগ্রহ-মন্দিরটিতে রামকৃষ্ণ-বিবেকানন্দ ভাবান্দোলনের সঙ্গে যুক্ত বহু মূল্যবান প্রদর্শ ও নথিপত্র সংরক্ষিত রয়েছে। এটি প্রভানন্দজীর একক প্রচেষ্টা ও দীর্ঘকালীন শ্রমের নিদর্শন। তাঁর মহাপ্রয়াণে রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন তথা বৃহৎ জনজীবনে গভীর আধ্যাত্মিক ও প্রাতিষ্ঠানিক শূন্যতার সৃষ্টি হল। এ ক্ষতি অপূরণীয়।

- আমাদের কাছে বিলম্বে খবর এসেছে যে বিদ্যামন্দিরের একজন কৃতি প্রাক্তনী বিশিষ্ট চিকিৎসক ডাঃ বিশ্বনাথ চক্রবর্তী আর আমাদের মধ্যে নেই। বার্ধক্যজনিত নানা অসুস্থায় তিনি কষ্ট পাচ্ছিলেন, সে খবর জানা ছিল। দুর্ভাগ্যক্রমে তাঁর চলে যাবার সংবাদ আমরা যথাসময়ে পাই নি। ১৯৫২-৫৪

শিক্ষাবর্ষে তিনি বিদ্যামন্দিরে পড়াশুনা করেছিলেন। তেজসানন্দজীর খুব প্রিয় ছিলেন। তাঁর সহপাঠীদের মধ্যে ছিলেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের বর্তমান অন্যতম সহসঙ্ঘাধ্যক্ষ স্বামী সুহিতানন্দজী। উত্তরকালে কলকাতার একজন খ্যাতনামা অস্থিশল্য বিশারদ হিসেবে পরিচিত হন ডঃ চক্রবর্তী এবং পশ্চিমবঙ্গের অনেক মেডিক্যাল কলেজের সঙ্গে চিকিৎসক ও শিক্ষক হিসেবে যুক্ত হন। রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানের সঙ্গেও তাঁর দীর্ঘদিনের সংযোগ ছিল। তিনি সাহিত্যিক হিসেবেও যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন। ছোটদের জন্য লিখতেন। লিখতেন অসুখ বিসুখ, চিকিৎসাবিজ্ঞান ইত্যাদি নিয়েও। ২০০৩-এ দেব সাহিত্য কুটির থেকে প্রকাশিত ‘আমাকে চেনো’ বইটির জন্য পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক তিনি রবীন্দ্র পুরস্কারে সম্মানিত হয়েছিলেন। ‘শুকতারা’, ‘নবকল্লোল’ ইত্যাদি পত্রিকায় নিয়মিত লিখতেন। ২০১৬-তে ‘উদ্বোধন’ থেকে প্রকাশিত হয় রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সপ্তম সঙ্ঘাধ্যক্ষ স্বামী শংকরানন্দজীর একটি প্রামাণ্য জীবনীগ্রন্থ। বিদ্যামন্দির তথা স্বামী তেজসানন্দজীর বিষয়ে তাঁর বেশ কয়েকটি লেখা বিপুল জনপ্রিয়তা অর্জন করে। বিশ্বনাথদা প্রাক্তনীদের পুনর্মিলন উৎসবে আসতেন। অন্যান্য নানা উপলক্ষেও তিনি যোগাযোগ রাখতেন আমাদের সঙ্গে। তাঁর প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত।

- বিদ্যামন্দিরের ইতিহাস বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অধ্যাপক প্রবীর ভট্টাচার্য মহাশয় ফুসফুসের ক্যানসারে আক্রান্ত হওয়ায় গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে অমৃতলোকে গমন করেছেন। তিনি ২০০১-এ বিভাগীয় প্রধানের দায়িত্ব গ্রহণ করেন। ২০10 সাল পর্যন্ত বিদ্যামন্দিরের এই বিভাগে অধ্যাপনার কাজে যুক্ত ছিলেন। বিশেষ করে মধ্যযুগ ও আধুনিক ইউরোপের ইতিহাসের পাঠদানের ক্ষেত্রে তাঁর অনন্যতার কথা ছাত্রগণ আজও সশ্রদ্ধ মুগ্ধতায় স্মরণ করে। ছাত্রদের সঙ্গে আপাত-গম্ভীর এই অধ্যাপকের ছিল এক নিবিড় আত্মিক সম্পর্ক। আর সমকালীন বা কনিষ্ঠ সহকর্মীদের কাছে তিনি ছিলেন অত্যন্ত সংবেদনশীল, রসিক, পরিমিতিবোধসম্পন্ন এক বন্ধু বা অগ্রজ। তাঁর চলে যাওয়া বিদ্যামন্দির পরিবারের কাছে এক অপূরণীয় ক্ষতি।

- প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের অংশকালীন অধ্যাপক ড: কর্ণ রায়। দীর্ঘ প্রায় তিনটি দশক অধ্যাপক হিসেবে বিদ্যামন্দিরে কাজ করার পর ২০১৫-তে তিনি অবসর গ্রহণ করেন। অংশকালীন অধ্যাপনার ক্ষেত্রে সম্ভবত এটি একটি রেকর্ড। মানুষ হিসেবে তিনি ছিলেন বিনয়ী, সদালাপী এবং সুভদ্র। ছাত্রদের কাছে ছিলেন খুবই শ্রদ্ধাভাজন। অবসরের পরে তিনি দুরারোগ্য ক্যান্সার রোগে আক্রান্ত হন।

- প্রয়াত হলেন সাহা ইন্সটিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্সের প্রাক্তন বিজ্ঞানী এবং পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের রাজ্য কাউন্সিলের সদস্য ডঃ কমলেশ ভৌমিক। ডঃ ভৌমিক বিদ্যামন্দিরের আই.এস.সি. (১৯৫৯-৬১) ও পদার্থবিদ্যা সাম্মানিক (১৯৬১-৬৪) বিভাগের ছাত্র ছিলেন। মৃত্যুর মাস কয়েক আগে তিনি আমেরিকায় মেয়ের কাছে গিয়েছিলেন। সেখানেই তাঁর ব্লাড ক্যান্সার ধরা পড়ে। ১৪ এপ্রিল, ২০২৩ তারিখে তাঁর মৃত্যু হয়। বয়স হয়েছিল ৭৭ বছর। ১৯৪৫ সালে অবিভক্ত ভারতের ঢাকা জেলায় তাঁর জন্ম। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভের পর সাহা ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্সে অধ্যাপক বিনায়ক দত্তরায়ের সঙ্গে তাত্ত্বিক পদার্থবিদ্যা নিয়ে গবেষণা শুরু করেন। পরে সেখানেই অধ্যাপনার কাজে যোগ দেন। তিনি বেঙ্গালুরুর নিমহনস, দিল্লির এইমসেও জীব-পদার্থবিজ্ঞানে অধ্যাপনা করেছেন। সাহা ইনস্টিটিউট থেকে অবসর নেওয়ার পর তিনি পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিবন্ধকের

দায়িত্ব পালন করেছেন। অন্ধবিশ্বাস ও কুসংস্কারের বিরুদ্ধে বিজ্ঞানমনস্কতার প্রসারে তিনি ছিলেন সদা সক্রিয়।

- বিদ্যামন্দিরের পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তনী (১৯৭৯-৮২) শ্রী দেবদাস বন্দ্যোপাধ্যায় গত ৫ জুলাই, ২০২৩ তারিখে অকালে পরলোকগমন করেছেন। তিনি পূর্ব বর্ধমান জেলার গোপালপুর গ্রামের বাসিন্দা ছিলেন। সম্প্রতি বরানগরে থাকতেন। সায়েন্স কলেজে ভর্তি হয়েও অর্থাভাবে তিনি চাকুরি নিতে বাধ্য হয়েছিলেন। তিনি ১৯৮২ সাল থেকে অবসরের দিন পর্যন্ত লাইফ ইনসিওরেন্স কর্পোরেশন অফ ইণ্ডিয়া (LIC) অফিসে কর্মরত ছিলেন। তাঁর প্রয়াণে প্রাক্তনী সংসদ গভীরভাবে মর্মাহত।
- বিদ্যামন্দিরের ১৯৯২-৯৪ HS ব্যাচের বিজ্ঞান বিভাগের ছাত্র শ্রী রমিত রায় গত ৩ মার্চ, ২০২৩ তারিখে কলকাতার IILDS-এ সকাল ৮-৫৫ মিনিটে অকালে পরলোকগমন করেছেন। তিনি decomposed cirrhosis of liver এবং আরও অন্যান্য কয়েকটি জটিল সমস্যার কারণে দীর্ঘদিন ভুগছিলেন। তাঁর অকাল প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত।

**আমরা এঁদের সকলের আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।**

## আনন্দ সংবাদ

সম্প্রতি পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল সি. ভি. আনন্দ বোস বিদ্যামন্দিরের পূর্বতন অধ্যক্ষ (১৯৯৩-২০০৫) স্বামী আত্মপ্রিয়ানন্দজীকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন 'এসিয়াটিক সোসাইটি'র অন্যতম ফেলো হিসাবে সম্মানিত করেছেন। ইতোপূর্বে পূজনীয় মহারাজ তাঁর বহুমুখী সারস্বত উদ্যোগের স্বীকৃতিতে নানা প্রতিষ্ঠানের দ্বারা সম্মানিত হয়েছেন। বিদ্যামন্দির পরিবারের সকলেই তাঁর এই সম্মাননায় আনন্দিত ও গর্বিত। প্রথমে সহাধ্যক্ষ এবং পরবর্তী সময়ে অধ্যক্ষ হিসাবে বিদ্যামন্দিরের শিক্ষাপ্রশাসনের আধুনিকী-করণ এবং গতিশীলতা আনার ক্ষেত্রে মহারাজ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তাঁর সক্রিয় উদ্যোগেই জাতীয় শিক্ষা মানচিত্রে বিদ্যামন্দিরের অবস্থান উজ্জ্বল-তর হয়। পরবর্তী কালে RKMVERI-র প্রতিষ্ঠাতা সম্পাদক ও উপাচার্য হিসাবে নবজাত এই উচ্চতর শিক্ষা ও গবেষণা সংস্থাটিকে তিনি সুদক্ষভাবে পরিচালনা করেছেন। বিদ্যামন্দিরের সহাধ্যক্ষ ও অধ্যক্ষ হিসাবে তিনি প্রাক্তনী সংসদের কাজকর্মে সর্বদাই সহযোগিতা করেছেন, প্রয়োজনে যথাযথ পরামর্শ ও নির্দেশ দিয়েছেন। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে আমরা মহারাজের এই স্বীকৃতিতে সানন্দ শ্রদ্ধা জানাই। আমরা আনন্দিত, আমরা গর্বিত।



কলেরা ও ডায়েরিয়ার চিকিৎসায় যাঁর হাত ধরে সর্বপ্রথম ORS-এর বহুল ব্যবহারের শুরু, সেই প্রখ্যাত বাঙালি চিকিৎসক ও বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫১-৫৩) ডঃ দিলীপ মহলানবিশের প্রয়াণ সংবাদ প্রাক্তনী বার্তার ফেব্রুয়ারি ২০২৩ সংখ্যায় ছাপা হয়েছিল। প্রচারের আলোয় না থেকেও যাঁরা গুরুত্বপূর্ণ কাজ করছেন বা করেছেন, কেন্দ্রীয় সরকার গত কয়েক বছর ধরে তাঁদের পদ্ম সম্মান দিয়েছে। বরাবর প্রচারবিমুখ দিলীপবাবুকে মরণোত্তর 'পদ্মবিভূষণ' সম্মানে ভূষিত করা সেই প্রচেষ্টারই অঙ্গ বলে মনে করা হচ্ছে। এটি ভারতবর্ষের দ্বিতীয় সর্বোচ্চ নাগরিক সম্মান। তাঁর এই সম্মানপ্রাপ্তির সংবাদ গত সংখ্যায় ছাপতে না পারার জন্য দুঃখিত।

## স্বামী মেধসানন্দ রচিত দু'খানি মূল্যবান গ্রন্থ

বিদ্যামন্দিরের প্রাক্তন অধ্যক্ষ এবং বর্তমানে রামকৃষ্ণ সঙ্ঘের জাপান কেন্দ্রের প্রধান স্বামী মেধসানন্দজী রচিত দুখানি সাম্প্রতিক গ্রন্থ বিদগ্ধ মহলে বিশেষ সাড়া ফেলেছে।

**(১) রবীন্দ্রনাথের আধ্যাত্মিকতা ও শ্রীরামকৃষ্ণ-প্রসঙ্গ**

(পৃঃ ২৫২। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, কলকাতা। ২০১৯। মূল্য ১৮০ টাকা)

আধুনিক যুগের দুই মহাপুরুষ শ্রীরামকৃষ্ণদেব ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে নিয়ে তন্নিষ্ঠ গবেষণার ফসল এই গ্রন্থটি। এখানে রবীন্দ্রনাথের অধ্যাত্মচেতনার ক্রমবিকাশ ও অধ্যাত্মচর্চার উত্তরাধিকার, শ্রীরামকৃষ্ণের প্রতি রবীন্দ্রনাথের শ্রদ্ধাঞ্জলি, শ্রীরামকৃষ্ণের অবতারত্ব ও তাঁর প্রভাব, ভাবলোকে, সুরলোকে এবং চিত্তলোকে এই দুই মহামানবের মহামিলন সহ আরও কয়েকটি প্রাসঙ্গিক বিষয়ে তথ্যসমৃদ্ধ সব আলোচনা আগ্রহী পাঠককে আবিষ্ট করে রাখবে। স্বামী শিবময়ানন্দজী, স্বামী সুপর্ণানন্দজী ও বিশ্বভারতীর অধ্যাপক সোমেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের তিনটি সুলিখিত শুভেচ্ছাবাণী/প্রকাশকের নিবেদন/ভূমিকা গ্রন্থটির বাড়তি আকর্ষণ।

**(২) The Story of India-Japan Relationship**

(পৃঃ ৫১২। অদ্বৈত আশ্রম, কলকাতা। ২০২০। মূল্য ৪০০ টাকা)

ইতিহাস-সমর্থিত নানা কারণে স্বামী বিবেকানন্দ বরাবরই জাপান দেশটির একজন অবিচল অনুরাগী ছিলেন। তেমনি ওকাকুরা তেনশিনও ছিলেন ভারতের একজন উৎসাহী গুণমুগ্ধ। ভারত-জাপান আবহমান পারস্পরিক সম্পর্কের প্রেক্ষিতে আধুনিক কালের এই দুই পথপ্রদর্শকের যোগাযোগ, পত্রবিনিময়, সাক্ষাৎকার, বন্ধুত্ব ও পারস্পরিক শ্রদ্ধামিশ্রিত প্রভাব এবং সমসাময়িক ও প্রাসঙ্গিক নানা ঘটনাপ্রবাহের আলোকে আবর্তিত এই গ্রন্থটির তথ্যনির্ভর গবেষণালব্ধ আলোচনা উৎসাহী পাঠকের অনেক কৌতূহল নিবৃত্ত করবে। গ্রন্থটির একটি উন্মোচী ভূমিকা লিখেছেন টোকিও-র সোফিয়া বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ফাদার সিরিল ভেলিয়াথ, এস. জে.।

আমরা গ্রন্থদু'টির বহুল প্রচার কামনা করি।

## অন্যান্য প্রকাশনা সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮৯-৯১) এবং প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী ব্রতীন দাসের লেখা 'আইটিওয়ালার বিদেশে কবছর' বইটি সম্প্রতি প্রকাশ করেছে কলকাতার পরম্পরা প্রকাশন। কর্মসূত্রে আমেরিকা ও ইংল্যান্ডে কয়েক বছর থাকার সুবাদে তাদের সভ্যতা ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হয়েছেন ব্রতীন দাস। তারই অভিজ্ঞতাসহ বিখ্যাত দ্রষ্টব্য স্থানগুলির বর্ণনা

তিনি সুন্দরভাবে লিপিবদ্ধ করেছেন এই বইতে। মূলত ভ্রমনকাহিনীমূলক বইটিতে রয়েছে অজস্র রঙিন ছবি যেগুলি বইটির আকর্ষণ বাড়িয়ে তুলেছে।

- বিদ্যামন্দিরের বাংলা বিভাগের প্রাক্তনী (শিক্ষাবর্ষ : ২০১০-১৩) শ্রী বোধিসত্ত্ব ভট্টাচার্যের চারটি বই সম্প্রতি প্রকাশিত হয়েছে। চারটি গ্রন্থেরই প্রকাশক 'সূত্রধর'। বইগুলি হল—(ক) 'দিলীপ কুমার রায় সমীপে জ্ঞানপ্রকাশ ঘোষ', এটি দূরদর্শনে আয়োজিত সাক্ষাৎকারের অনুলিখন (খ) 'গুরু—স্বামী ব্রহ্মানন্দ', এটি 'Religion and its Practice' গ্রন্থে সংকলিত 'Guru' প্রবন্ধের বঙ্গানুবাদ (গ) শ্রীরামকৃষ্ণানুভব—স্বামী গম্ভীরানন্দ, এটি যুগাবতার শ্রীরামকৃষ্ণ সম্পর্কে পূজ্যপাদ স্বামী গম্ভীরানন্দজীর বক্তব্যের অনুলিখন (ঘ) 'ভ্রম সংশোধন : একটি যৌক্তিক প্রক্রিয়া', এটি তার প্রপিতামহ দার্শনিক কৃষ্ণচন্দ্র ভট্টাচার্যের 'Correction of an error as a logical process' নামক ইংরাজী প্রবন্ধের অনুবাদ ও অনুলিখন। বোধিসত্ত্ব বর্তমানে রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয়, নরেন্দ্রপুরের সাম্মানিক অতিথি অধ্যাপক এবং বিশ্বভারতীর বাংলা বিভাগের পিএইচ. ডি. গবেষক।

## প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যে বিদ্যামন্দির পরিকাঠামোর মধ্যে যে সমাজ-সেবামূলক প্রকল্পগুলি গ্রহণ করেছে তা অবিচ্ছেদ্যভাবে চালিয়ে যাচ্ছে। তারই একটি সংক্ষিপ্ত প্রতিবেদন এখানে দেওয়া হলো।

**স্বাস্থ্যপ্রকল্প :** বিগত অর্থবর্ষে সর্বমোট এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশো দুই টাকা স্বাস্থ্যপ্রকল্প বাবদ খরচ হয়েছে। এর মধ্যে তিনটি ভাবে এই খরচ করা হয়েছে। বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি এগিয়ে চলেছে। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে ১০ হাজার টাকা ২০ জন রোগীর সেবায় তুলে দেওয়া হয়েছে। এছাড়াও পাঁচ হাজার টাকা শ্রমজীবী হাসপাতালকে দেওয়া হয়েছে দুঃস্থ মানুষের সেবায়। এছাড়া বিদ্যামন্দিরের ছাত্র ও শিক্ষাকর্মীদের চিকিৎসাবাবদ ৪৩ হাজার ৫০০ টাকা বিদ্যামন্দির কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে। বিদ্যামন্দিরের প্রাক্তনীর চিকিৎসার খরচ বাবদ ১ লক্ষ ৪ হাজার ২ টাকা আর্থিক সাহায্য তার পরিবারের হাতে দেওয়া হয়েছে। সংসদের পক্ষ থেকে প্রাক্তনী শ্রী মানস দাস-কে ১৫০০০ টাকা দেওয়া হয়। প্রাক্তনী শ্রী রমেশ বিশ্বাসের কন্যার চিকিৎসার খরচ বাবদ ৭৬০০২ টাকা দেওয়া হয়। এছাড়া প্রাক্তনী শ্রী প্রীতম দে-র ভাইয়ের চিকিৎসার জন্য ৮০০০ টাকা ও প্রাক্তনী শ্রী ইন্দ্রজিত দাসকে ৫০০০ টাকা দেওয়া হয়। এই অর্থবর্ষে বিদ্যামন্দিরের শিক্ষাকর্মী শ্রী বিক্রম হালদারকে তার চিকিৎসা খাতে ৫০০০ টাকা প্রদান করা হয়েছে।

**ছাত্রবৃত্তিপ্রকল্প :** এই প্রকল্পে বিগত অর্থবর্ষে বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য ৬ লক্ষ ৭৯ হাজার ৮০০ টাকা ব্যয় হয়েছে। এ ছাড়া ১ লক্ষ ৪১ হাজার ৬০০ টাকা দেওয়া হয়েছে বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তন ছাত্রদের উচ্চতর শিক্ষায় ভর্তি বা উচ্চশিক্ষার অন্যান্য খরচ চালানোর জন্য। এই প্রকল্পে গত অর্থবর্ষে ৬০ হাজার টাকা বিদ্যামন্দিরের বাইরে ছাত্রদের অনুদান বাবদ দেওয়া হয়েছে। এই খাতে এই অর্থবর্ষে একজন ছাত্রকে ৪০০০ টাকা দেওয়া হয়েছে। বিভিন্ন প্রাক্তনী ব্যক্তিগত ভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। তাদের সকলকে ধন্যবাদ ও অভিনন্দন।

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা :** রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের পক্ষ থেকে প্রতি বৎসরের ন্যায় এবারও স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা গত ১ এপ্রিল ২০২৩ শনিবার দুপুর ১.৩০ মিনিটে বিবেকানন্দ সভাগৃহে

আয়োজন করা হয়েছিল। অধ্যাপক সুশোভন অধিকারী, প্রাক্তন কিউরেটর, কলা ভবন মিউজিয়াম, বিশ্বভারতী, এই সভায় প্রধান বক্তা ছিলেন। তাঁর বক্তব্যের বিষয় ছিল ‘অবনীন্দ্রনাথ: এক শিল্পীর ভুবন’। বিশেষত উল্লেখ্য বর্তমান-বর্ষে শ্রী অবনীন্দ্রনাথ ঠাকুরের সার্ধ শতবর্ষের শুভ মুহূর্তে মহান শিল্পীর প্রতি সম্মান প্রদর্শনে এই স্মারক বক্তৃতা আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের সম্পাদক, অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মহারাজগণ। এছাড়াও ছিলেন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সভাপতি, সহ-সভাপতি, সংসদের সদস্যবৃন্দ, বিদ্যামন্দিরের শিক্ষক, শিক্ষাকর্মী ও বিদ্যামন্দিরের ছাত্রবৃন্দ। এই অনুষ্ঠানটি অত্যন্ত মনোজ্ঞ ও শ্রুতিমধুর ছিল। সকল উপস্থিত শ্রোতৃবৃন্দ এই অনুষ্ঠানটি উপভোগ করেছিলেন।



*স্মারক বক্তৃতার পূর্বে উদ্বোধনী ভাষণ*

**বিদায় সংবর্ধনা :** বিগত ১ এপ্রিল শনিবার বিকেল ৪.৩০ মিনিটে বিদ্যামন্দিরের টিচার্স কমনরুমে রামকৃষ্ণ মিশন সারদাপীঠ তথা বিদ্যামন্দিরের সম্পাদক মহারাজ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ মহারাজ, যিনি প্রাক্তনী সংসদের অন্যতম পৃষ্ঠপোষক, তাঁর রামকৃষ্ণ মিশন নরেন্দ্রপুরে সম্পাদকের পদে গুরুদায়িত্ব গ্রহণের প্রাক্কালে প্রাক্তনী সংসদ তাঁকে সম্মান জ্ঞাপন করে। এই সম্মান জ্ঞাপন অনুষ্ঠানে প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির সকল সদস্যবৃন্দ উপস্থিত হন। মহারাজের হাতে স্মারক উপহার এবং পুষ্পস্তবক তুলে দেওয়া হয়। (পৃথক প্রতিবেদন দ্রষ্টব্য)

**সমাজসেবা প্রকল্প :** রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার ১২৫ বর্ষ পূর্তি উপলক্ষে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ ও রামকৃষ্ণ মিশন সারদাপীঠ, বেলুড় মঠ যৌথভাবে বীরভূম জেলার চন্দনপুর গ্রামে একটি ভূগর্ভস্থ বিশুদ্ধ পানীয় জলের সরবরাহ প্রকল্পের উদ্যোগ গ্রহণ করে। সেই অঞ্চলের একটি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং সেই অঞ্চলের গ্রামবাসীদের জন্য এই প্রকল্পটি নির্মাণ এবং উৎসর্গ করা হয়েছে। এই প্রকল্পে ৮৮ হাজার ১০০ টাকা খরচ হয়েছে। এই প্রকল্প রূপায়নের ফলে ওই অঞ্চলের অধিবাসীদের যথেষ্ট উপকারে লাগবে বলে আমাদের বিশ্বাস। এছাড়া রামকৃষ্ণ মিশন নবদ্বীপ কেন্দ্রকে এপ্রিল ২০২৩-এ অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানগুলির বেঞ্চ কেনার জন্য ৩০,০০০ টাকা প্রদান করা হয়েছে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পে সারা বৎসর ধরে বহু প্রাক্তনী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এবং তৎসহ সংসদের কাজে অনেক পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ী নানা উপায়ে সহযোগিতা করে থাকেন। সংসদের পক্ষ থেকে তাঁদের সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা ।

**শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

## স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা তহবিল

রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ-সঙ্ঘাধ্যক্ষ (ভাইস প্রেসিডেন্ট) পরম পূজনীয় স্বামী প্রভানন্দজী মহারাজের স্মরণে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে গবেষণাধর্মী কার্যে উৎসাহ প্রদান ও পরিকাঠামো উন্নয়নের জন্য স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা তহবিল গঠন করা হয়েছে। ইতিমধ্যে এই তহবিলে ১০০০০ টাকা সংগৃহীত হয়েছে। সকল প্রাক্তনী ও শুভানুধ্যায়ীগণের কাছে আমাদের আবেদন, আপনারা সকলে মুক্ত হস্তে দান করে এই তহবিলকে সমৃদ্ধ করে তুলুন।

—শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

# News from Vidyamandira

## (January 2023 to May 2023)

**1) Seminars & Lectures:**

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment Lectures were organized during this period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 17-02-2023 | Charu Chandra Sarkar & Usha Rani Sarkar Memorial lecture | Industry Orientation Interactive Talks | Sri Partha Sarkar, Academic Relationship Manager, TCS |
| 23-02-2023 | Swami Tathagatananda Memorial Lecture | Social Choice and Democratic Ideas | Prof. Sourindranath Bhattacharya, Retd. Prof. of Economics Dept., Jadavpur University |
| 01-04-2023 | Swami Tejasananda Memorial Lecture | অবনীন্দ্রনাথ : এক শিল্পীর ভুবন | Prof. Sushobhan Adhikari, Visva-Bharati University |

**b) Special Lecture and Weekly Seminar :** Weekly & Departmental Seminars, Workshops, Extension & Special Lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 19-01-2023 | Pre-placement Session | Officials from Axis Bank |
| 19 & 20 -01-2023 | Themes in Early Indian History | Ranabir Chakraborti, Kunal Chakraborty, Gautam Sengupta, Kanad Sinha |
| 03-02-2023 | An Overview of Economic Development: From Structuralist and Institutionalist Viewpoint | Dr. Dilip Dutta, Retd. Member, faculty of Arts & Social Sciences, University of Sydney, Australia |
| 04-02-2023 | Primary Data in Economics Research & Survey Solutions | Dr. Diti Chatterjee, Senior Manager, a 2F Consulting GmbH (Offenbach, Germany) |
| 04-02-2023 | Public Speaking | Sri Amit Banerjee, Eminent Motivational Speaker & Personality Development Coach |
| 07-02-2023 | Economics as a Career and a Way of Life | Sri Laltu Pore, Assistant General Manager, SEBI, Mumbai |
| 09 to 18-02-2023 | Connect with Work | Officials from Rubicon Skill Development Pvt. Ltd. |

| | | |
|---|---|---|
| 11-02-2023 | Data Science & Data Visualization Global Opportunities | Sri Pankaj Roy Gupta, Data Scientist & Program Director Peerless Skill Academy |
| 11-02-2023 | Developing Interview Skills | Sri Amit Banerjee, Eminent Motivational Speaker & Personality Development Coach |
| 17-02-2023 | Application of Statistical Techniques in Business | Sri Amitabha Tripathi, Sr. Vice-President, Head of Consulting & Solutions- Aditya Birla Group |
| 17-02-2023 | Cyber Security | Sri Niladri Roy, TCS Innovation Lab, Kolkata |
| 25-02-2023 | Cyber Crime | Sri Kalyan Mukherjee, IPS Officer, DIG, CID |
| 25-02-2023 | Insights into Biological Functions and underlying Epigenetic Regulation of POTE Family in Ovarian Cancer | Sri Subhadip Kundu, Research Scholar, AIIMS, New Delhi |
| 14-03-2023 | Aesthetics (Indian & Western) | Prof. Gopal Chandra Khan, Ex-Professor, Burdwan University |
| 14-03-2023 | Life & Work of Lt. Prof. J.N. Mohanty | Faculties of Philosophy Dept., RKMV |
| 16-03-2023 | Contemporary Trends in Political Theory | Faculties of Political Science Dept., RKMV |
| 20-03-2023 | Divide and Conquer Strategy: Some Examples from Ancient Indian Mathematics | Prof. Amartya Kumar Dutta, ISI, Kolkata |
| 20-03-2023 | The Sojourn of Matrix and its Quintessential Geometry | Dr. Partha Sarathi Mukhopadhyay, RKM Residential College, Narendrapur |
| 29-03-2023 | Homological Algebra on the Edge Ideal of Weighted Oriented Graphs | Sri Kanoy Kumar Das, RKMVERI |
| 03-04-2023 | Online Safety & Security | Sri Joydeep Dasgupta, Chief Editor, News Sense |
| 29-04-2023 | An Overview of SEBI & Its Role | Prof. Pradiptarathi Panda, National Institute of Securities Markets, Mumbai |
| 30-04-2023 | Professional Skill Development | Smt. Debjani Ghosh, Senior Faculty & Smt. Madhurima Sarkar Saha, Centre Manager, Anudip Foundation |

2) **Retirement:** A Teaching member of Vidyamandira Parivar has retired during this period: **Dr. Kartick Chandra Pal** (Mathematics Dept.).

**3) Activities of NSS & NCC Wings of Vidyamandira:**

The NSS Wing organized the following programmes:

(a) An awareness program on 'Water Pollution' on 4th January 2023 at Dharamberiya (Pal Para), Hasnabad, North 24 Parganas. (b)Armed Forces Flag Day Collection & Communal Harmony Day Collection was held on 31st January 2023. (c) A campaigning program against 'Plastic Pollution' was held on 7th February 2023 at Belur Math bus stand car parking area. (d) 'Belur Math Station Cleaning Drive' program was organised on 8th February 2023. (e) A felicitation program for the local scavengers was conducted on 8th February 2023 at Vivekananda Sabhagriha. (f) A Free Coaching Program for the poor & meritorious students of Ramakrishna Mission Janasikshamandira was conducted on 10th February 2023. (g) A Blood Donation Camp was organised on 12th March 2023.

4) **Cultural Events:**

(a) **Observance of 37th National Youth Day:** National Youth Day was observed on 12th January 2023, at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony.

(b) **Celebration of 126th Birthday of Netaji Subhas Chandra Bose:** 126th Birthday of Netaji Subhas Chandra was celebrated on 23rd January 2023, at college campus.

(c) **Observance of 74th Republic Day:** 74th Republic Day was observed by hoisting the National Flag on 26th January 2023, at college campus.

(d) **Saraswati Puja** was held & celebrated with great joy by the students on 26th & 27th January 2023, at college campus.





(e) **Celebration of 188th Birthday of Bhagawan Sri Ramakrishna Paramhansa Deva:** It was celebrated on 21st February 2023, at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony.

## 5) Teachers' Achievements:

***Prof. Annirban Samanta,*** of Chemistry Dept. was invited as Resource Person on 14$^{th}$ February 2023, for a workshop on 'Photocatalysis Research Training Program' at the Dept. of Chemical Sciences, IISER, Kolkata.

***Prof. Santanu Dey*** of History Dept. has been awarded with a major research project, titled as "Moving beyond western categories: understanding *sampradaya* and *sampradayik* knowledge in the Vallabhacharya and Chaitanya Vaishnava Tradition" by Ministry of Education, Govt. of India.

## 6) Students' Achievements:

(I) *Sri* Souptik Iswar (Zoology, 2$^{nd}$ Yr.), Sri Supratik Ghosh (Chemistry, 2$^{nd}$ Yr.), Sri Akashnil Dey (Zoology, 2$^{nd}$ Yr.) & Sri Shibam Mondal (Mathematics, 2$^{nd}$ Yr.) participated in All India Quiz 'Abhiprajna' organised by IISER, Tirupati and ranked 3$^{rd}$ cross the country. (II) *Sri* Souptik Iswar (Zoology, 2$^{nd}$ Yr.), ranked 1$^{st}$ from student category at All India Poster Presentation Competitions on "Genetics & Genomics" organised by Indian Institute of Chemical Biology on 30$^{th}$ January 2023. (III) Sri Shibam Chakraborty (Zoology, 3$^{rd}$ Yr.) was the winner at poster presentation competition on 'Human Diseases and Therapeutics—A lifelong Quest Symposium on 24-02-2023 by Centre of Health Science and Technology, Kolkata. (IV) Sri Prajat Simlai & Anamitra Choudhuri (Chemistry, 1$^{st}$Yr.) secured 2$^{nd}$ position at Inter-College Poster presentation organised by South Calcutta Girls' College, Kolkata. (V) Sri Sourav Pal (Ph.D. Scholar, Applied Chemistry) received Best Poster Award at International Conference of Sustainable Functional Materials & Process jointly organised by IIT, Kharagpur and University of Melbourne. (VI) Sri Vaikunth Vyas, Sri Priyabrata Chakraborty, Sri Akash Ghosh, Sri Spandan Basu & Sri Shibam Chakraborty (Zoology, 3$^{rd}$ Yr. Students) participated in poster presentation competition from 22-03-2023 to 24-03-2023 organised by Dept. of Biochemistry & Biophysics, University of Kalyani and secured 1$^{st}$ Position.

(VII) Below mentioned students came up with flying colours at Inter-College Athletics Competitions 2023:

| Sl. No. | Name | Rank | Events |
|---|---|---|---|
| 1 | Sri Chayan Mondal (UG, 3$^{rd}$ Yr.) | **1$^{st}$** | 100 mts. run |
| 2 | Sri Debasish Pandey (PG, 1$^{st}$ Yr.) | **1$^{st}$** | 400 mts. run |
| 3 | Sri Ashish Uikey (UG, 3$^{rd}$ Yr.) | **3$^{rd}$** | 1500 mts. run |
| 4 | Sri Ganesh Murmu (UG, 2$^{nd}$ yr.) | **2$^{nd}$** | Javelin Throw |

**7) Some other Information:**

a) Ramakrishna Mission Vidyamandira Parivar is extremely happy to share a recent achievement. According to National Institutional Ranking Framework (NIRF), Ministry of Education, Government of India, the college holds 15th position nationally in the college category. The results were declared on 5th June 2023.

b) Berger Paints Ltd. has signed MOU with our institution for development of Luminescent Coating using nano materials along with the royalty benefits.

## স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজের বিদায় সম্বর্ধনা



*স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজের বিদায় সম্বর্ধনায় কার্যনির্বাহী সমিতির সদস্যগণ*

গত ১৫ এপ্রিল, ২০২৩ বিদ্যামন্দির তথা সারদাপীঠের সম্পাদক আমাদের সকলের প্রিয় স্বামী শাস্ত্রজ্ঞানন্দ (সঞ্জীব মহারাজ) নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদকের দায়িত্ব গ্রহণ করলেন। বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ, অধ্যক্ষ এবং শেষে সারদাপীঠের সম্পাদকের দায়িত্ব মহারাজ দক্ষতার সঙ্গে পালন করেছেন। প্রাক্তনী সংসদের সঙ্গে মহারাজের ছিল আত্মিক সম্পর্ক। মহারাজ নিজে ছিলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮৬-৮৮)। ব্যস্ততার মধ্যেও নিয়মিত সংসদের অফিসে কার্যকরী সদস্যদের সঙ্গে নানা বিষয়ে আলোচনা করতেন ও সুপরামর্শ দিতেন। খুব দ্রুত সঠিক সিদ্ধান্ত নিতে পারতেন মহারাজ। পুনর্মিলন উৎসব সুদক্ষ হাতে পরিচালনা করতেন। বিশেষ করে ২০২২ সালে কোভিডকালে মাত্র এক মাসের প্রস্তুতিতে পুনর্মিলন উৎসবের আয়োজন করার সাহস যুগিয়েছিলেন সঞ্জীব মহারাজই এবং সকলকে অবাক করে ঐ উৎসবে রেকর্ড সংখ্যক প্রাক্তনী ও অতিথি সমাগম হয়। নতুন কার্যভার গ্রহণ করার আগে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁকে আন্তরিক সংবর্ধনা জ্ঞাপন করা হয় গত ১ এপ্রিল। সংসদের পক্ষ থেকে পূজনীয় মহারাজের হাতে তুলে দেওয়া হয় দুটি গ্রন্থ, পুষ্পস্তবক ও মিষ্টান্ন। ভবিষ্যতে রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের আরও গুরুদায়িত্ব মহারাজ পালন করবেন এই আশা রাখি। প্রসঙ্গত উল্লেখ্য, সারদাপীঠের নতুন সম্পাদকের দায়িত্বভার গ্রহণ করলেন স্বামী শুকদেবানন্দজী মহারাজ (ভেঙ্কটেশ মহারাজ)।

> *"If the poor cannot come to education, education must go to them."*
>
> —Swami Vivekananda

# SCHOLARSHIP FOR STUDENTS OF VIDYAMANDIRA IN 2022-2023

## SCHOLARSHIP TO JUST PASSED OUT OR NEWLY ADMITTED STUDENTS

| NAME OF THE STUDENT | SUBJECT | YEAR | AMOUNT |
|---|---|---|---|
| HEMCHANDRA GANGOPADHYAY MEMORIAL SCHOLARSHIP | | | |
| TUHIN MAHADANDA | BENGALI | PG-I | Rs. 11,800 |
| TUSHAR MAHADANDA | BENGALI | PG-I | Rs. 11,800 |
| SURJA KUNDU | BENGALI | PG-I | Rs. 5,000 |
| BIPLAB MONDAL | BENGALI | PG-I | Rs. 7,000 |
| SANDIP HUI | BENGALI | PG-I | Rs. 3,000 |
| SUBHADIP JODDAR | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| SUBHANKAR BHATTACHARYYA | BENGALI | PG-II | Rs. 3,000 |
| | | Total | Rs. 46,600 |
| CHANDRANATH DEY MEMORIAL SCHOLARSHIP | | | |
| AJAY MAHAPATRA | HISTORY | PG-I | Rs. 8,100 |
| ASHUTOSH DAS MEMORIAL SCHOLARSHIP | | | |
| AJAY MAHAPATRA | HISTORY | PG-I | Rs. 2,900 |
| GENERAL SCHOLARSHIP FROM 2002-2005 BATCH | | | |
| MANIKLAL TUDU | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| DINOBANDHU MALIK | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| TANAY BAIDYA | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| ABHIK DAS | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| DIPU GORAI | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| ANIRUDDHA GHOSH | SANSKRIT | PG-I | Rs. 5,000 |
| MAINAK MONDAL | SANSKRIT | PG-I | Rs. 7,000 |
| PALASH CHAKRABORTY | SANSKRIT | PG-I | Rs. 7,000 |
| RAKESH MAITY | SANSKRIT | PG-I | Rs. 7,000 |
| SAMRAT GHOSH | SANSKRIT | PG-I | Rs. 7,000 |
| DIVYAJYOTI DEBSHARMA | SANSKRIT | PG-I | Rs. 7,000 |
| RAJIBUL MANDAL | PHILOSOPHY | PG-I | Rs. 7,000 |
| NASIRUDDIN SHEIKH | HISTORY | PG-I | Rs. 7,000 |
| SANDIP MANDAL | HISTORY | PG-I | Rs. 5,000 |
| | | **Total** | **Rs. 84,000** |

# SCHOLARSHIP FOR OTHER THAN VIDYAMANDIRA STUDENTS IN 2022-23

**SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP**

| Name of the Student | Course | Now student at | Amount |
|---|---|---|---|
| SHYAM SUNDAR KAR | B.Sc. (H) | VIVEKANANDA CENTENARY COLLEGE | Rs. 3,000 |
| CHAYAN MAITY | B.Sc. (H) | VIVEKANANDA CENTENARY COLLEGE | Rs. 2,000 |
| PRASENJIT GHOSH | B.A. | UNIVERSITY OF BURDWAN | Rs. 5,000 |
| TARAK MANNA | PG-II | UNIVERSITY OF CALCUTTA | Rs. 5,000 |
| CHAYAN MAITY | B.Sc. (H) | VIVEKANANDA CENTENARY COLLEGE | Rs. 2,000 |

## SWAMI SANTARUPANANDA MEMORIAL SCHOLARSHIP

| Name of the Student | Course | Now student at | Amount |
|---|---|---|---|
| RAJESH HAZRA | B.ED-I | R. K. MISSION SIKSHAN MANDIRA | Rs. 5,000 |
| **SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP** | | | |
| PIU SAHA | UG-I | ASHUTOSH COLLEGE | Rs. 5,000 |
| RONIT MONDAL | XI | LABANHRAD VIDYAPEETH | Rs. 5,000 |
| TRISHA PAUL | XI | FATEHPUR SREENATH VIDYALAYA | Rs. 5,000 |
| SAUMAJEET DAS | UG-II | SHIBPUR DINABANDHU INSTITUTION | Rs. 2,000 |
| TAMASREE KAHALI | UG-I | NARASINGHA DUTTA COLLEGE | Rs. 2,000 |
| KONKONA CHAKRABORTY | UG-I | HOWRAH GIRLS COLLEGE | Rs. 2,000 |
| ARPITA ADAK | UG-I | HOWRAH GIRLS COLLEGE | Rs. 2,000 |
| PUSKAR MONDAL | UG-I | BIDHANNAGAR COLLEGE | Rs. 2,000 |
| RAKESH MONDAL | UG-I | BIDHANNAGAR COLLEGE | Rs. 2,000 |
| KABITA SAHU | UG-I | LALBABA COLLEGE | Rs. 2,000 |
| GOPAL SENAPATI | UG-I | MIDNAPUR COLLEGE | Rs. 3,000 |
| ROHIT GHARA | B.ED.-I | R.K. MISSION SIKSHAN MANDIRA | Rs. 3,000 |
| PRITAM MODAK | UG-III | RISHI BANKIM CHANDRA COLLEGE | Rs. 2,000 |
| **TAPATI CHAKRABORTY MEMORIAL SCHOLARSHIP** | | | |
| PRITAM MODAK | UG-III | RISHI BANKIM CHANDRA COLLEGE | Rs. 3,000 |

## HEALTHCARE FUND :: EXPENSES DURING FY 2022-2023

| NAME OF THE RECEPIENT | SUBJECT | YEAR | AMOUNT |
|---|---|---|---|
| **ASSISTANCE TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA** | | | |
| SOUMITRA MONDAL | SANSKRIT | UG-III | Rs. 3,500 |
| SHIB KUMAR NETAM | ZOOLOGY | UG-III | Rs. 5,000 |
| ASHISH MIKEY | COMPUTER SC. | UG-III | Rs. 8,000 |
| SUPRIYO MONDAL | POLITICAL SC. | UG-III | Rs. 5,000 |
| ARPAN SAHA | ZOOLOGY | UG-II | Rs. 3,000 |
| SANKAR MONDAL | BENGALI | PH.D. | Rs. 5,000 |
| ONE-TIME DONATION FOR TREATMENT OF STUDENTS IN RAMAKRISHNA MISSION SEVA PRATISTHAN | | | Rs. 10,000 |
| | | Total | **Rs. 39,500** |
| **ASSISTANCE TO STAFF OF VIDYAMANDIRA** | | | |
| SRIMANTA PRAMANIK | HOSTEL STAFF | | Rs. 4,000 |
| **ASSISTANCE TO EX-STUDENTS OF VIDYAMANDIRA** | | | |
| MANAS DAS | | | Rs. 15,000 |
| RAMESH BISWAS: FOR TREATMENT OF HIS DAUGHTER | | | Rs. 76,002 |
| PRITAM DEY: FOR TREATMENT OF HIS BROTHER PIJUSH KANTI DEY | | | Rs. 8,000 |
| INDRAJIT DAS | | | Rs. 5,000 |
| | | Total | **Rs. 104,002** |

## ASSISTANCE TO PATIENTS TREATED AT SHRAMAJIBI HOSPITAL

| Name | Amount | Name | Amount |
|---|---|---|---|
| RENUKA DAS | Rs. 500 | CHHAYA SAHU | Rs. 500 |
| MANORAMA MITRA | Rs. 500 | NAKALU RAO | Rs. 500 |
| DURGA DAS | Rs. 500 | DEBENDRANATH SARSHU | Rs. 500 |
| ARATI AHER | Rs. 500 | NILA SADHUKHAN | Rs. 500 |

| | | | |
|---|---|---|---|
| 12 POOR PATIENTS (NAME NOT AVAILABLE) | Rs. 6,000 | ONE-TIME DONATION TO SHRAMAJIBI HOSPITAL | Rs. 5,000 |
| | | Total | **Rs. 15,000** |

**TOTAL EXPENSES FROM HEALTHCARE FUND: Rs. 162,502/-**

## FUND-WISE LIST OF DONATIONS FOR 2022-2023

| Purpose of Donation | No. of Donors | Total Amount |
|---|---|---|
| SCHOLARSHIP FUND | 2 | 255,000.00 |
| GRADUATES OF 1971 SCHOLARSHIP FUND | 29 | 225,001.00 |
| 1971-74 GRADUATES SCHOLARSHIP FUND | 9 | 65,000.00 |
| 1976-79 BATCH SCHOLARSHIP FUND | 12 | 137,000.00 |
| 1981 - 84 GRADUATES BATCH STUDENTS WELFARE FUND | 4 | 14,000.00 |
| 2008 GRADUATES SCHOLARSHIP FUND | 1 | 30,000.00 |
| ANANDA MOHAN GHOSH, DEBASIS GHOSH, AHANA GHOSH MEDICAL SCHOLARSHIP FUND | 1 | 30,000.00 |
| HEALTHCARE FUND | 3 | 65,400.00 |
| HEALTHCARE FUND: RAMESH BISWAS'S DAUGHTER'S TREATMENT | 21 | 76,002.00 |
| SW. SHIVAMAYANANDA MEMORIAL FUND | 3 | 10,000.00 |
| VIDYAMANDIRA ASSISTANCE FUND | 14 | 140,009.00 |
| VIDYAMANDIRA ASSISTANCE FUND FOR GARDENING | 12 | 44,200.00 |
| DONATION FOR REUNION | 1 | 1,000.00 |
| GENERAL DONATION | 3 | 581.00 |
| **TOTAL AMOUNT OF DONATION RECEIVED DURING 2022-23** | **115** | **1,093,193.00** |

Donations to Permanent Endowment Funds now require a consent form to be submitted by the donor. The blank form can be downloaded from Alumni website at www.alumnividyamandira.in or from the Facebook page of the Alumni Association. Donors are requested to take a printout of the consent form, duly fill the form and send us the form either by post or courier. They may also send a scanned copy of the consent form by email to alumnividyamandira@gmail.com or to Alumni WhatsApp No. 7003615034.

*"We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet."* **—Swami Vivekananda**

**Published by Shuvendu Majumder, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association**